আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩



বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট
জাতীয় রাজস্ব বোর্ড
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়


আন্তর্জাতিক
কাস্টমস দিবস
২০২৩
Nurturing the Next Generation:
Promoting a Culture of
Knowledge-sharing and
Professional Pride in Customs
বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট
জাতীয় রাজস্ব বোর্ড
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩
স্মরণিকা

প্রকাশক
বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট
জাতীয় রাজস্ব বোর্ড

সম্পাদনা পরিষদ

আহ্বায়ক: **তাসমিনা হোসেন**
কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সদস্য: **মির্জা সহিদুজ্জামান**
অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সৈয়দ এ, মু'মেন
জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড

খোজিস্তা আখতার
যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

এইচ এম শরিফুল হাসান
যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

রাফিয়া সুলতানা
যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সুমন দাশ
যুগ্ম কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

রাকিবুল হাসান
প্রথম সচিব (কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড

মোঃ রেজাউল হক
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

মোঃ সোহেল রানা
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

দিপা রাণী হালদার
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

মোঃ ইফতেখার আলম ভূঁইয়া
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

দ্বৈপায়ন চাকমা
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সদস্য সচিব: **মোঃ মোস্তাফিজুর রহমান**
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

ডিজাইন ও মুদ্রণ
ক্রিয়েটিভ ভিশন | ০১৯২৯ ২৯৩৩০৭

প্রকাশকাল
২৬ জানুয়ারি ২০২৩

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক 'আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৩' পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ উপলক্ষ্যে আমি বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল অংশীজনকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বাণিজ্যের প্রসার, বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি ও দেশীয় শিল্প সুরক্ষায় বাংলাদেশ কাস্টমসের রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। করোনা মহামারী ও বৈশ্বিক অর্থনৈতিক সংকটের মাঝেও জাতীয় অর্থনীতির অগ্রগতি অব্যাহত রাখার লক্ষ্যে গ্লোবাল সাপ্লাই চেইন সুসংহতকরণ, স্টেইকহোল্ডারগণের মাঝে কার্যকর সংযোগ এবং জ্ঞান ও প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা নিশ্চিতকরণে বাংলাদেশ কাস্টমসের অবদান অনস্বীকার্য। প্রেক্ষিতে এ বছরের আন্তর্জাতিক কাস্টমস দিবসের প্রতিপাদ্য 'Nurturing the next generation: promoting a culture of knowledge-sharing and professional pride in Customs' (ভবিষ্যৎ প্রজন্মের লালন: কাস্টমসে জ্ঞানচর্চা ও উত্তম পেশাদারিত্বের বিকাশ) যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা নির্মাণে ইতোমধ্যে বাংলাদেশ আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। বাংলাদেশ কাস্টমসও সরকারের যথাযথ রাজস্ব সংরক্ষণ, নিরাপদ বাণিজ্য নিশ্চিতকরণ এবং চোরাচালান ও অর্থপাচার প্রতিরোধে জ্ঞান ও প্রযুক্তিনির্ভর বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে যা টেকসই অর্থনীতি বাস্তবায়নে বিপুল ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস। একটি সুখী-সমৃদ্ধ ও উন্নত দেশ গড়তে কাস্টমস কর্তৃপক্ষ অধিকতর দায়িত্বশীল ভূমিকা পালন করবে– এটাই দেশবাসীর প্রত্যাশা।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বাণী

অন্যান্য দেশের মতো বাংলাদেশেও জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগে ২৬ জানুয়ারি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস' পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে আমি বাংলাদেশ কাস্টমসের সকল কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিবাদন জানাচ্ছি।

'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' এর মূল প্রতিপাদ্য, 'Nurturing the next generation: promoting a culture of knowledge-sharing and professional pride in Customs' (ভবিষ্যৎ প্রজন্মের লালন: কাস্টমসে জ্ঞানচর্চা ও উত্তম পেশাদারিত্বের বিকাশ)- সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি। আমি বিশ্বাস করি, দিবসটি পালনের মাধ্যমে বাংলাদেশ কাস্টমসে জ্ঞান চর্চার সংস্কৃতি এবং পেশাগত উৎকর্ষতা লালনে সচেতনতা সৃষ্টি হবে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন হওয়ার পর পরই দেশের অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে অভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্য, শিল্পায়ন এবং আন্তর্জাতিক বাণিজ্য বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। তিনি জাতীয় রাজস্ব বোর্ড গঠন করেন, যার ফলে দেশে রাজস্ব আদায়ের বহুমুখী খাত তৈরি হয় এবং সম্ভাবনা বৃদ্ধি পায়। জাতির পিতার সুদূরপ্রসারী দর্শন, যোগ্য নেতৃত্ব ও নিখুঁত কর্মপরিকল্পনার ফলে মাত্র সাড়ে তিন বছরের মধ্যে যুদ্ধবিধ্বস্ত একটি দেশ খাদ্য উৎপাদন, ব্যবসা-বাণিজ্যে প্রসারসহ বিভিন্ন সূচকে স্বল্পোন্নত দেশে পরিণত হয়।

আওয়ামী লীগ ২০০৯ সাল থেকে একাধারে তিন বার সরকার গঠন করে ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত, বৈষম্যহীন রাষ্ট্র ব্যবস্থা গড়ার প্রত্যয়ে এবং অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিশ্ব অর্থনীতির এই সংকটময় মুহূর্তেও দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে সফল হয়েছে। বাংলাদেশ এখন আর্থ-সামাজিক উন্নয়নে 'রোল মডেল'। পদ্মা সেতুর স্বপ্ন জয়ের পর আরেকটি স্বপ্ন জয় করে মেট্রোর যুগে প্রবেশ করেছে দেশ। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, রামপাল বিদ্যুৎ কেন্দ্র, এলএনজি টার্মিনাল ও গ্যাস পাইপলাইন প্রকল্প, মাতারবাড়ী বিদ্যুৎ কেন্দ্র, পায়রা গভীর সমুদ্র বন্দর, বঙ্গবন্ধু টানেলসহ বিভিন্ন মেগা প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। এসব প্রকল্প বাস্তবায়নের অক্সিজেন হলো রাজস্ব। ন্যায়ানুগভাবে রাজস্ব আহরণ করার লক্ষ্যে আধুনিক রাজস্ব নীতি প্রণয়ন, ডিজিটাল কাস্টমস সেবা, উন্নত তথ্য ভান্ডার নির্মাণ, ওয়ানস্টপ সার্ভিস প্রদানসহ জ্ঞানচর্চার সংস্কৃতি এবং উত্তম পেশাদারিত্বের নানা ধরনের উদ্যোগ বাংলাদেশ কাস্টমস গ্রহণ করেছে।

আমি আশা করি, বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারীর ঐকান্তিক প্রচেষ্টা, পেশাগত দক্ষতা, ডিজিটাল ব্যবস্থাপনা ও যৌক্তিক সংস্কার বাস্তবায়নের মাধ্যমে অভ্যন্তরীণ রাজস্ব আদায় বৃদ্ধি, মজবুত অর্থনীতির ভিত গঠন, অপবাণিজ্য রোধ, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদে অর্থায়ন প্রতিরোধ, অর্থপাচার প্রতিরোধসহ রাজস্ব প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের স্বপ্নের 'সোনার বাংলাদেশ' গড়তে রাজস্ব প্রশাসনের রাজস্ব সৈনিকদের ঐকান্তিক প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। এসব কার্যক্রমের ধারাবাহিকতায় 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধ্যমে আমরা 'স্মার্ট বাংলাদেশ' গড়ে তুলতে সক্ষম হবো, ইনশাআল্লাহ।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বাণী

প্রতিবছরের ন্যায় এ বছরও World Customs Organization (WCO) এর সদস্য রাষ্ট্র হিসেবে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশও ২৬ জানুয়ারি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' পালন করছে জেনে আমি আনন্দিত। আজকের এই দিনে আমি বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজনদেরকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

দিবসটি উদযাপনে এ বছরের মূল প্রতিপাদ্য 'Nurturing the next generation: promoting a culture of knowledge-sharing and professional pride in Customs' (ভবিষ্যৎ প্রজন্মের লালন: কাস্টমসে জ্ঞানচর্চা ও উত্তম পেশাদারিত্বের বিকাশ) একটি সময়োপযোগী প্রতিপাদ্য। বৈশ্বিক রাজনৈতিক প্রেক্ষাপটে বিশ্ব অর্থনীতি যখন নানা প্রতিকূলতার মধ্যে দিয়ে অগ্রসর হচ্ছে সে সময়ে বাংলাদেশের অর্থনীতির গতিশীলতা বজায় রাখতে সাপ্লাই চেইন সুসংহতকরণ, স্টেইক হোল্ডারদের মধ্যে কার্যকর সংযোগ বৃদ্ধি এবং প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনার মাধ্যমে উত্তম সেবা দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বাংলাদেশ কাস্টমস। আগামী দিনের কাস্টমসকে সামনে রেখে নতুন জনবল নিয়োগ ও দক্ষতা উন্নয়ন, অত্যাধুনিক স্ক্যানার স্থাপন, বন্ড ব্যবস্থার অটোমেশন, ন্যাশনাল সিংগেল উইন্ডো বাস্তবায়ন, অথোরাইজড ইকোনোমিক অপারেটর ব্যবস্থা চালুকরণ ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশ কাস্টমস নতুন উচ্চতায় ধাবমান।

দেশের অর্থনীতির ভিত সুদৃঢ় ও শক্তিশালী করে সমৃদ্ধ রাজস্ব ভান্ডার গঠনে বাংলাদেশ কাস্টমস অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি প্রত্যাশা ব্যক্ত করছি। একইসাথে দেশের অর্থনীতিতে উন্নয়নের ধারা অব্যাহত রেখে সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়ন করে বাংলাদেশকে আত্মনির্ভরশীল ও উন্নত রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস তাদের কার্যক্রম অব্যাহত রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি)

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বাণী

প্রতি বছরের ন্যায় World Customs Organization (WCO) এবং এর সদস্য দেশসমূহের সাথে একাত্মতা ঘোষণা করে বাংলাদেশ কাস্টমস ২৬ জানুয়ারি ২০২৩ তারিখে 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' পালন করছে। এ উপলক্ষে বাংলাদেশ কাস্টমস এর সকল কর্মকর্তা-কর্মচারী, সেবাগ্রহীতা ও অংশীজনসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

দেশের আন্তর্জাতিক বাণিজ্য তথা আমদানি-রপ্তানি ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ কাস্টমস ফ্রন্টলাইনার হিসাবে দায়িত্ব পালন করে যাচ্ছে। রাজস্ব আহরণসহ বৈদেশিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, দেশীয় শিল্প সুরক্ষা, সুষম ব্যবসা-বাণিজ্যের পরিবেশ তৈরীর পাশাপাশি জনস্বাস্থ্য ও পরিবেশ সংরক্ষণের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নে বাংলাদেশ কাস্টমসের অবদান অপরিসীম। করোনা বিপর্যয় পরবর্তী এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে আন্তর্জাতিক পরিমন্ডলে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বিশ্ব বাণিজ্যকে অধিকতর গতিশীল করতে পরবর্তী প্রজন্মের অংশগ্রহণ এবং কাস্টমসে জ্ঞান-চর্চার সংস্কৃতি সৃষ্টি, পেশাগত উৎকর্ষতা লালনের মাধ্যমে বাংলাদেশ কাস্টমস বাণিজ্য সহজতর এবং সাপ্লাই চেইন অক্ষুণ্ন রেখেছে। এই প্রেক্ষাপটে আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৩ এর প্রতিপাদ্য বিষয়: 'Nurturing the next generation promoting a culture of knowledge-sharing and professional pride in Customs' (ভবিষ্যৎ প্রজন্মের লালন: কাস্টমসে জ্ঞানচর্চা ও উত্তম পেশাদারিত্বের বিকাশ) নির্ধারণ করা হয়েছে যা অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী কর্মপরিকল্পনা ও সুদৃঢ় নেতৃত্বে বাংলাদেশের অর্থনীতি বিশ্বব্যাপী সুনাম অর্জন করেছে। অভিজ্ঞতা এবং তারুণ্যের সংমিশ্রনে দক্ষ হাতে বাংলাদেশ কাস্টমস টেকসই উন্নয়নের পথে অগ্রসরমান। পরবর্তী প্রজন্মের মধ্যে জ্ঞান-চর্চার সংস্কৃতির বিকাশ এবং উত্তম পেশাদারিত্ব সৃষ্টির মাধ্যমে একদিকে যেমন দক্ষ জনবল তৈরি হচ্ছে, অন্যদিকে আমদানি-রপ্তানি কার্যক্রমে যুক্ত হচ্ছে বাণিজ্য সহজীকরণের নানামুখী উদ্যোগ। চোরাচালান প্রতিরোধ এবং আমদানি-রপ্তানি কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ নানামুখী পদক্ষেপের মাধ্যমে টেকসই অর্থনীতি বিনির্মাণে বাংলাদেশ কাস্টমস অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। আমি আশা করছি, পরবর্তী প্রজন্মের হাত ধরে জ্ঞান-চর্চা এবং পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশ কাস্টমস দেশের অর্থনৈতিক উন্নয়নে আরো বেশী অবদান রাখবে।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)

সদস্য (গ্রেড-১)
(কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বাণী

প্রতি বছরের ন্যায় এবারও World Customs Organization (WCO) এর সক্রিয় সদস্য হিসেবে বাংলাদেশ কাস্টমস ২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস পালন করছে। এ উপলক্ষ্যে কাস্টমস পরিবারের সদস্য হিসেবে আমি বাংলাদেশ কাস্টমসের সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি ।

বিশ্ব অর্থনীতি কোভিড-১৯ এর অভিঘাত এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সংকটকাল অতিক্রম করে এগিয়ে চলছে। বিশ্ব বাণিজ্যের গতি অব্যাহত রাখতে সদা তৎপর রয়েছে WCO। বিশ্ব বাণিজ্য ব্যবস্থায় জ্ঞান চর্চার সংস্কৃতি এবং পেশাগত উৎকর্ষতা সাধনের লক্ষ্যে WCO এবারের কাস্টমস দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে, 'Nurturing the next generation: promoting a culture of knowledge-sharing and professional pride in Customs' (ভবিষ্যৎ প্রজন্মের লালন: কাস্টমসে জ্ঞানচর্চা ও উত্তম পেশাদারিত্বের বিকাশ)। বৈশ্বিক ও জাতীয় প্রেক্ষিতে অর্থনৈতিক/বাণিজ্যিক কার্যক্রমকে আরও বেগবান ও কার্যকর করার নিমিত্ত WCO ঘোষিত প্রতিপাদ্য অত্যন্ত সময়োপযোগী। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ কাস্টমস নীতিগত ও পদ্ধতিগতভাবে সর্বক্ষেত্রে পেশাগত উৎকর্ষতা সাধনের মাধ্যমে ব্যবসা সহায়ক ও বিনিয়োগবান্ধব পরিবেশ বজায় রাখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিভিন্ন অর্থনৈতিক অপরাধ প্রতিহত করার ক্ষেত্রে বাংলাদেশ কাস্টমস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তাছাড়া, বাণিজ্য ব্যবস্থাপনার সর্বক্ষেত্রে Automation এর সর্বোচ্চ প্রয়োগ, Authorized Economic Operator (AEO), NON-Intrusive Inspection (NII), National Single Window (NSW)সহ বিভিন্ন প্রকল্প ও ধারণা বাস্তবায়নে কাজ করছে বাংলাদেশ কাস্টমস। ইতোমধ্যে রপ্তানিমুখী ওষুধশিল্প সংশ্লিষ্ট কয়েকটি প্রতিষ্ঠানকে AEO প্রোগ্রামের আওতায় আনা হয়েছে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ আমদানি ও রপ্তানিমুখী শিল্পগুলোতেও এই সুবিধা বিস্তৃতকরণের লক্ষ্যে কাজ চলমান রয়েছে।

আধুনিক বিশ্ব ব্যবস্থার সাথে তাল মিলিয়ে চলার জন্য জ্ঞানভিত্তিক কাস্টমস পদ্ধতি গড়ে তুলতে বাংলাদেশ কাস্টমস সদা সচেষ্ট। রাজস্ব আহরণের পাশাপাশি নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতকরণ এবং ন্যায়সঙ্গত বাণিজ্য সহায়ক ভূমিকা পালন করে একটি সুখী-সমৃদ্ধ উন্নত বাংলাদেশ গড়ে তুলতে বাংলাদেশ কাস্টমসের প্রচেষ্টা সর্বদা অব্যাহত থাকবে ।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৩' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

(ড. আব্দুল মান্নান শিকদার)

Message from the World Customs Organization

International Customs Day 2023

Embargo date:
26 January 2023, CET 09:00

As is the case each year, the Customs community is coming together on this 26 January to celebrate International Customs Day. This year is even more special because we are also celebrating the 70th Anniversary of the WCO - a unique organization dedicated to international cooperation and the sharing of knowledge.

Each year, International Customs Day provides an opportunity for the WCO Secretariat to invite the Organization's Members to focus on a theme it considers relevant to the Customs community and its partners. In 2023, under the slogan "Nurturing the Next Generation: Promoting a Culture of Knowledge-sharing and Professional Pride in Customs", the Secretariat is inviting Members to look at how they support newly-recruited officers, facilitate the sharing of knowledge, and heighten the sense of pride in being part of this institution and of the global Customs community.

This is about placing human capital, and especially the new generation, at the heart of the transformation of Customs - an approach the WCO has been advocating for a number of years. Young Customs officers often have particular strengths, but they need to acquire specific, and often tacit, knowledge and know-how. This approach to learning must be rooted in the culture of the administration, holding true throughout the officers' careers. It requires not only dynamic inter-generational relationships, but also an outward-looking attitude, characterized by exchanges with the actors engaged in the movement of goods and passengers, as well as with service providers and with academia.

However, it has to be recognized that certain Customs organizations do not have the processes and methodologies in place for managing knowledge and ensuring that it is transmitted. In 2023, Customs administrations are therefore being invited to focus on this issue and develop a knowledge management system which fosters the identification and provision of knowledge and know-how in all their forms: reports and other documentation, training courses, whether online or in-person, forums,

mentoring programmes, work placements, exchanges between services, magazines and newsletters, among others.

Another interesting approach is to extend collaboration among Customs stakeholders and collect multi-disciplinary views. For this purpose, some administrations collaborate with academia and participate in think tanks. This will ensure that Customs knowledge is acquired through the rigorous analysis of data, and is supported by expert opinion, skills and expertise. Knowledge acquired in this way can be a valuable resource for decision-making.

Customs must avoid the loss of organizational memory, to ensure that mistakes are not repeated and experience is transmitted between departments and to the next generation.

WCO I OMD

By creating a stimulating work environment and offering learning opportunities to their officers, Customs administrations can not only attract and retain talent, but also enhance their officers' sense of professional pride. It is often said that the new generation are searching for meaning; working in Customs is a noble mission, whose fulfilment is essential for the wellbeing of nations.

As the reputation of an organization depends largely on its employees, it is important that they take pride in their work, and that the way their work connects with the government's vision is clearly explained. To achieve this, Customs administrations must increase their visibility, not only among their natural partners but also among those – such as decision-makers and the general public – who may be less familiar with the multi-faceted role of Customs, and less aware of the challenges faced by Customs and the constraints it has to manage.

I have every confidence that Customs administrations will get to grips with this year's theme and I invite them to present information, during meetings of WCO working bodies which address this theme, during the events we organize throughout the year and in our various publications, about practices and measures they have introduced.

I wish you all a happy International Customs Day!

Kunio Mikuriya
WCO Secretary General

26 January 2023

সম্পাদকীয়

২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস, বিশ্বব্যাপী World Customs Organization (WCO) এর সদস্যভুক্ত অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও এই দিবসটি আড়ম্বরের সাথে উদযাপিত হচ্ছে। এই বছর কাস্টমস দিবসের মূল প্রতিপাদ্য "Nurturing the Next Generation: Promoting a Culture of Knowledge-sharing and Professional Pride in Customs"।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ও ২০৪১ সাল নাগাদ উন্নত বাংলাদেশ গঠনের লক্ষ্যে আমরা এগিয়ে চলেছি। বাণিজ্যের গতিশীলতা আনয়ন এবং করোনা মহামারীর প্রভাব কাটিয়ে অর্থনীতি পুনর্গঠনে জাতীয় রাজস্ব বোর্ড নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। অন্যান্য বছরের ন্যায় উৎসাহ, উদ্দীপনা ও দেশব্যাপী প্রচার-প্রচারণার মাধ্যমে এবারের আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপন করা হচ্ছে। দিবসটি পালনের মাধ্যমে জাতীয় উন্নয়নে কাস্টমস অনুবিভাগের গুরুত্ব ও তাৎপর্য প্রতিপাদিত হয়। জাতীয় রাজস্ব বোর্ড ও তার অংশীজনদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের বিনির্মাণ হয়।

২০২৩ সালে WCO কর্তৃক ঘোষিত স্লোগানে ভবিষ্যত প্রজন্মকে কাস্টমস এর কার্যক্রম, গৌরবোজ্জ্বল ইতিহাস, জ্ঞান ও পেশাদারিত্বের সাথে পরিচিত করে তোলার উপর গুরুত্বারোপ করা হয়েছে। সে লক্ষ্য নিয়ে বাংলাদেশ কাস্টমসকেও কাজ করে যেতে হবে।

আন্তর্জাতিক কাস্টমস দিবস উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারও একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত স্মরণিকায় মূল প্রবন্ধ ছাড়াও কাস্টমস বিষয়ক তত্ত্ব, তথ্যবহুল বিভিন্ন রচনা ও প্রবন্ধ প্রকাশিত হয়েছে। যে সকল কর্মকর্তা রাজস্ব আহরণের গুরুদায়িত্বে ব্যাপৃত থেকেও লেখনির মাধ্যমে এই স্মরণিকাকে সমৃদ্ধ করেছেন, তাঁদেরকে প্রকাশনা উপ-কমিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা জানাই। উল্লেখ্য যে, স্মরণিকায় লেখকদের প্রদত্ত তথ্যাদি ও বক্তব্য তাঁদের একান্ত নিজস্ব মতামত হিসেবে বিবেচ্য। আশাকরি আমাদের এই ক্ষুদ্র প্রয়াস পাঠক হৃদয়ের চাহিদা কিছুটা পূরণ করতে সহায়তা করবে।

সম্পাদনা পরিষদ

সূচি

পৃষ্ঠা

১৪ **মূল প্রবন্ধ**

২৪ **The role of the World Customs Organization in Trade Facilitation**
Dr. Abdul Mannan Shikder

৩২ **Role of Customs Duty in International Business: History, Importance, and Future Direction**
Dr. Md. Shahidul Islam

৪৯ **A Review of Customs Duty Drawback Regulations**
Dr. Mohammad Abu Yusuf

৬১ **সাহেবপরীর দীঘি**
মাশুক আল হোসাইন

৬৯ **How to develop oneself as a true & functioning Customs official**
Mirza Shahiduzzaman

৭৩ **Role of FTAs & Impact of LDC Graduation**
Dr. Md. Neyamul Islam

৮২ **আন্তঃসীমান্ত বাণিজ্যে ঝুঁকি ব্যবস্থাপনা কেন প্রয়োজন?**
আ আ ম আমীমুল ইহসান খান
নাহরিন রহমান স্বর্ণা

৯০ **How can Bangladesh maximise trade benefits of its geopolitical location?**
Mohammad Shahidul Islam

৯৭ **The role of taxation and domestic resource mobilization in attaining SDGs: financing and beyond!**
Md. Tariq Hassan

১০১ **Women & Trade Role In Achieving SDG 5**
Kanchan Rani Dutta

১০৪ **Data driven administration equipped with modern technologies: Dream or reality for Bangladesh Customs?**
Nipun Chakma

১১৫ **World Trade Organization-Trade Facilitation Agreement Implementation: Glass Half Full or Half Empty in Bangladesh?**
Md. Tarek Mahmud

আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৩
মূল প্রবন্ধ
বাংলাদেশ কাস্টমস: দেশের অগ্রযাত্রায় গর্বিত অংশীদার

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় একটি দক্ষ ও গতিশীল রাজস্ব প্রশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতির ৭৬ নং আদেশের মাধ্যমে ১৯৭২ সালে জাতীয় রাজস্ব বোর্ড প্রতিষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে জাতীয় রাজস্ব বোর্ড ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে দেশের প্রয়োজনীয় রাজস্ব আহরণ করে একদিকে যেমন সরকারের ব্যয় নির্বাহ নিশ্চিত করছে, অন্যদিকে নিরবচ্ছিন্নভাবে দেশের বৃহৎ প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের যোগান দিয়ে চলেছে।

আন্তর্জাতিক বাণিজ্যের প্রসার, বিনিয়োগ বৃদ্ধি, বাণিজ্য সহজীকরণ, ব্যবসা-বাণিজ্যের ঝুঁকি প্রশমন এবং পণ্যের সরবরাহ ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখার ক্ষেত্রে বিশ্বের প্রতিটি দেশে কাস্টমস বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কাস্টমসের ভূমিকা ও কার্যক্রম সামগ্রিকভাবে যেকোন দেশের উন্নয়ন অগ্রযাত্রা এবং প্রবৃদ্ধি অর্জনের পথে গুরুত্বপূর্ণ নিয়ামক। বাংলাদেশ কাস্টমস প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের উন্নয়ন অগ্রযাত্রায় বলিষ্ঠ ভূমিকা পালন করে যাচ্ছে। বর্তমান বিশ্বে কাস্টমসকে রাজস্ব আহরণের পাশাপাশি দেশের নিরাপত্তা রক্ষা ও বাণিজ্য সহজীকরণে বিশেষ নজর দিতে হয়। বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) বাণিজ্য সহজীকরণ চুক্তি (TFA) এবং বিশ্ব কাস্টমস সংস্থার (WCO) সংশ্লিষ্ট নানামুখী নীতিমালা ও পদক্ষেপের কারণে বিশ্বব্যাপী কাস্টমসের কাজের ধরণ প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। এসকল পরিবর্তন বাস্তবায়নে বাংলাদেশের কাস্টমস অনেকাংশে আধুনিক এবং অটোমেটেড করা হয়েছে, যাতে ব্যবসার খরচ ও সময় দুটোই বাঁচে। আমদানি ও রপ্তানির ক্ষেত্রে সাপ্লাই চেইন এর নিরাপত্তা নিশ্চিত করা ও বাণিজ্য সহজীকরণে নানামুখী পদক্ষেপ নেয়া হয়েছে। বাণিজ্য ঝুঁকি প্রশমনে রিস্ক ম্যানেজমেন্ট ব্যবস্থার উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হচ্ছে। আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৩ উদযাপনকালে বাংলাদেশ কাস্টমস সর্বাধুনিক কাস্টমস ব্যবস্থা প্রতিষ্ঠার সংকল্পে প্রতিজ্ঞাবদ্ধ।

২। বাংলাদেশের অগ্রযাত্রায় কাস্টমসের ভূমিকা

বাণিজ্য সহজীকরণের মাধ্যমে কাস্টমস আনুষ্ঠানিকতাসমূহ সহজতর করে দ্রুততম সময়ে পণ্য খালাসের মাধ্যমে বাণিজ্য ব্যয় হ্রাস করা এবং এর মাধ্যমে বাণিজ্য সম্প্রসারণ, রাজস্ব আহরণ বৃদ্ধি, শিল্পায়ন, বিনিয়োগ বৃদ্ধি এবং নতুন নতুন কর্মসংস্থান সৃজনের মাধ্যমে বাংলাদেশ কাস্টমস দেশের অর্থনৈতিক অগ্রগতিতে অনন্য অবদান রেখে চলেছে। দেশের জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ কাস্টমস এর কতিপয় গুরুত্বপূর্ণ কার্যক্রম নিম্নরূপ:

ক) রাজস্ব আহরণ

গত ২০২১-২২ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আহরিত কর-রাজস্বের (Tax Revenue) পরিমাণ ছিল ৩ লক্ষ ১ হাজার ৬৩৪ কোটি টাকা যার মধ্যে কাস্টমস কর্তৃক আহরিত হয় ৮৯,৪২৪ কোটি টাকা, যা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বের প্রায় ৩০ শতাংশ। চলমান ২০২২-২৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের কর-রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩ লক্ষ ৭০ হাজার কোটি টাকা। এর মধ্যে কাস্টমস এর রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে ১ লক্ষ ১১ হাজার কোটি টাকা যা আদায়ে কাস্টমস নিরলসভাবে কাজ করছে। দেশের মোট রাজস্ব আয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অংশ এখন প্রায় ৮৫%। বিশ বছর পূর্বে ২০০২-০৩ অর্থবছরে দেশে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আহরিত রাজস্বের পরিমাণ ছিলো ২৩,৬৫১ কোটি টাকা; যা গত ২০২১-২২ অর্থবছরে দাঁড়িয়েছে ৩,০১,৬৩৪ কোটি টাকা। প্রবৃদ্ধি প্রায় ১৩ গুণ। বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন যেমন- পদ্মা সেতু, মেট্রো রেল, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণসহ দেশের সামগ্রিক সমৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে কাস্টমস কর্তৃক আহরিত রাজস্ব। উল্লেখ্য যে, আমদানি ও রপ্তানির জন্য প্রতিদিন প্রায় ১৭ হাজারের বেশি বিল অব এন্ট্রি কাস্টমস এর নিকট দাখিল এবং নিষ্পত্তি হয়ে থাকে।

খ) রাষ্ট্রীয় নিরাপত্তায় ঝুঁকি প্রতিরোধ

বাংলাদেশ কাস্টমস রাষ্ট্রীয় নিরাপত্তায় ঝুঁকি সৃষ্টিকারী অবৈধভাবে আমদানিকৃত পণ্যসমূহ যেমন-অস্ত্র, মাদকদ্রব্য, নকল মুদ্রা ইত্যাদি দেশের অভ্যন্তরে প্রবেশ রোধ করে। এটি দেশে অপরাধমূলক কর্মকান্ড নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা পালন করছে। মানিলন্ডারিং প্রতিরোধের মাধ্যমেও বাংলাদেশ কাস্টমস রাষ্ট্রীয় নিরাপত্তায় ঝুঁকি প্রতিরোধে কাজ করে যাচ্ছে।

গ) চোরাচালান রোধ

চোরাচালান প্রতিরোধে কাস্টমস দেশের বিমানবন্দর, সমুদ্রবন্দর, স্থলবন্দরসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ স্থানে নিয়মিত অভিযান পরিচালনা করে থাকে এবং প্রায়শইঃ স্বর্ণ, বৈদেশিক মুদ্রা, মাদক দ্রব্য, নকল সিগারেট ও ব্যান্ডরোল ইত্যাদি জব্দ করে। বিগত ২০২০-২১ অর্থবছরে মোট ৫১২ কেজি স্বর্ণ আটক করা হয়েছে যার বাজার মূল্য প্রায় ৩০০ কোটি টাকা। চোরাচালান প্রতিরোধে গঠিত কেন্দ্রীয় ও স্থানীয় টাস্কফোর্সসমূহে কাস্টমস অন্যতম গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে কাজ করছে।

ঘ) দেশীয় শিল্পের বিকাশ

দেশীয় শিল্পের বিকাশে জাতীয় রাজস্ব বোর্ড অব্যাহতি বা রেয়াতি হারে কাঁচামাল ও মূলধনী যন্ত্রপাতি আমদানির সুবিধা প্রদান করে আসছে।

দেশীয় শিল্পের সুরক্ষার জন্য জাতীয় রাজস্ব বোর্ড আমদানিকৃত পণ্যের বিপরীতে দেশীয় শিল্পসমূহকে যথাযথ প্রতিরক্ষণ (Tariff Protection) প্রদান করে থাকে।

ঙ) রপ্তানি উন্নয়ন ও নির্বিঘ্নকরণ

কাস্টমস বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে দেশের গার্মেন্টস ও চামড়া শিল্পের বিকাশ ও সংশ্লিষ্ট পণ্য রপ্তানিতে জাতীয় রাজস্ব বোর্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আমদানি পর্যায়ে পরিশোধিত শুল্ক ফেরত প্রদানের ক্ষেত্রে ডিউটি ড্র-ব্যাক সুবিধার মাধ্যমে নন-বন্ডেড প্রতিষ্ঠানকে সুবিধা প্রদান করা হয়ে থাকে। রপ্তানি পণ্যের কায়িক পরীক্ষা ও শুল্কায়ন অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন করার মাধ্যমে দ্রুততর জাহাজীকরণ নিশ্চিত করা হচ্ছে।

চ) জনস্বাস্থ্য সুরক্ষা

মেধাস্বত্ত্ব আইন (IPR) এর বাস্তবায়নসহ কাস্টমস জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ পণ্যসামগ্রী যেমন- ভেজাল ও নিম্নমানের খাদ্যদ্রব্য আমদানি রোধ করে থাকে। বিদ্যমান আইন ও বিধি মোতাবেক যে সকল পণ্য বাংলাদেশে আমদানিযোগ্য সেই সকল পণ্যের বাইরে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর বা সামাজিকভাবে অনভিপ্রেত পণ্যচালান আমদানি করা হলে কাস্টমস কর্তৃপক্ষ তা প্রতিহত করে থাকে।

ছ) বিনিয়োগ বৃদ্ধি

জাতীয় রাজস্ব বোর্ড বিনিয়োগবান্ধব বিধি-বিধান প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে শিল্পখাতভিত্তিক বিনিয়োগ উৎসাহিত করছে। আমদানি-নির্ভরতা কমিয়ে দেশীয় পণ্য উৎপাদনে সক্ষমতা অর্জনে দেশি-বিদেশি নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে শুল্ক সুবিধাসহ প্রণোদনা প্রদান করা হচ্ছে। পাশাপাশি রপ্তানিমুখী শিল্প স্থাপন ও পরিচালনার ক্ষেত্রেও বিবিধ ট্যারিফ সুবিধা ও কর ছাড় প্রদান করা হয়েছে।

জ) বাণিজ্য সহজীকরণ

বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট (TFA) এর বাস্তবায়নে আমদানিকৃত পণ্যচালান দ্রুত খালাস প্রদানের জন্য বাংলাদেশের কাস্টমস ব্যবস্থাকে অনেকাংশেই অটোমেটেড করা হয়েছে। সরকারী অন্যান্য সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে পণ্যচালানের কায়িক পরীক্ষা ও শুল্কায়ন দ্রুততর করা হয়েছে। এর ফলে দেশে পণ্যের সাপ্লাই-চেইন নিরবচ্ছিন্ন রাখা সম্ভব হচ্ছে।

ঝ) আন্তর্জাতিক বাণিজ্যে দেশীয় অবস্থান সুসংহতকরণ ও স্বার্থ রক্ষা

আন্তর্জাতিক বাণিজ্যে কাস্টমস সংক্রান্ত জটিলতা নিরসন এবং বাণিজ্য

সহজীকরণের মাধ্যমে বাংলাদেশের অবস্থান সুসংহতকরণার্থে জাতীয় রাজস্ব বোর্ড বিভিন্ন দেশের সাথে Customs Mutual Administrative Assistance (CMAA) বিষয়ক চুক্তি স্বাক্ষরের পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে সৌদি আরব এবং তুরস্কের সাথে এই চুক্তি স্বাক্ষর করা হয়েছে। জাপান এবং মেক্সিকোর সাথে চুক্তিটি স্বাক্ষরের অপেক্ষায় রয়েছে। আগামী ২০২৬ সালে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে এ ধরণের চুক্তি ভারত, চীন, থাইল্যান্ডসহ আরও বেশ কয়েকটি দেশের সাথে স্বাক্ষরের কার্যক্রম চলমান আছে। কাস্টমস সম্পর্কিত পারস্পরিক বিষয় নিষ্পত্তির জন্য নেপাল, ভূটান এবং ভারতের সঙ্গে জয়েন্ট গ্রুপ অব কাস্টমস নামীয় ফোরাম বিদ্যমান রয়েছে। তাছাড়া, বিভিন্ন দেশ ও সংস্থার সাথে বাণিজ্য, বিনিয়োগ এবং ট্রানজিট-ট্রানশিপমেন্ট বিষয়ক আলোচনা, চুক্তি নেগোসিয়েশন এবং চুক্তি বাস্তবায়নে জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস সংশ্লিষ্ট বিষয়ে দেশের স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

৩। বাংলাদেশ কাস্টমসের আধুনিকায়ন

২০৪১ সালের উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠায় বাংলাদেশ কাস্টমস নানামুখী সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করছে। জাতীয় রাজস্ব বোর্ড Customs Modernization Strategic Action Plan 2019-2022 বাস্তবায়ন এবং ৪র্থ Customs Modernization Strategic Action Plan প্রণয়নে কাজ করছে। এসকল সংস্কার কর্মসূচীর মূল লক্ষ্য আধুনিকায়নের মাধ্যমে সেবা প্রদান, কাস্টমসের সক্ষমতা বৃদ্ধি এবং বাণিজ্য সহজীকরণ নিশ্চিত করা। নিম্নে বাংলাদেশ কাস্টমসের আধুনিকায়নের কিছু কার্যক্রম উপস্থাপন করা হলো:

ক) কাস্টমস কম্পিউটার সিস্টেম (ASYCUDA World) এর উন্নয়ন

নব্বই দশকের শুরুতে ASYCUDA (Automated System for Customs Data) সিস্টেম দ্বারা বাংলাদেশ কাস্টমসের ডিজিটালাইজেশনের সূচনা হয়। প্রথমে LAN- ভিত্তিক ASYCUDA এবং পরবর্তীতে ASYCUDA++ সিস্টেম চালুর মাধ্যমে ডিজিটাল তথ্যভান্ডারের ভিত রচিত হয়। সর্বশেষ ২০১৩ সালে অনলাইন ভিত্তিক ASYCUDA World সিস্টেম চালু করা হয়েছে। বর্তমানে সবগুলো কাস্টম হাউস এবং অধিকাংশ কাস্টমস স্টেশনে এ ব্যবস্থা চালু করা হয়েছে। ASYCUDA সিস্টেম সংশ্লিষ্ট কতিপয় তথ্য বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়, EPB, BEPZA, CCI&E, Tariff Commission, পরিসংখ্যান ব্যুরো ইত্যাদি প্রতিষ্ঠানকে অনলাইনে প্রদান করা হয়ে থাকে। ই-এলসি, ই-এক্সপি ও ই-পেমেন্টসহ কতিপয় সুবিধা চালু হয়েছে এবং এর মাধ্যমে আমদানিকৃত পণ্যচালানের শুল্কায়ন ও খালাস ত্বরান্বিত হচ্ছে।

খ) Bangladesh National Single Window

২০১৯ সাল হতে জাতীয় রাজস্ব বোর্ড Bangladesh National Single Window (NSW) প্রকল্প বাস্তবায়ন শুরু করেছে। ২০২৫ সালে এ প্রকল্পের কাজ শেষ হবে। এ প্রকল্পের আওতায় আমদানি রপ্তানি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সরকারের অন্যান্য দপ্তর কর্তৃক প্রদত্ত সনদ/অনাপত্তিপত্র একটি Single Platform এ পাওয়া যাবে। ইতোমধ্যে NSW এর Software development এর জন্য প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে ৩৯টি সংস্থার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সংস্থাগুলোর মধ্যে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান প্রদান করে আমদানি-রপ্তানি পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর করা এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। আধুনিক ও প্রযুক্তি-নির্ভর NSW প্রকল্পটি পূর্ণাঙ্গরূপে বাস্তবায়িত হলে বাণিজ্যের গতি বাড়বে এবং ব্যবসা পরিচালন ব্যয় উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে মর্মে আশা করা যায়। পাশাপাশি Paperless trade বাস্তবায়নে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে বিবেচিত হবে।

গ) Time Release Study (TRS) পরিচালনা

বিভিন্ন পর্যায়ে পণ্যচালান খালাসের ব্যয়িত সময়ের পরিমাণ জানার জন্য World Customs Organization (WCO) এর তত্ত্বাবধানে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অন্যান্য সীমান্ত সংস্থার অংশগ্রহণে Time Release Study (TRS)-2022 পরিচালনা করা হয়েছে। এই প্রতিবেদনটি WCO এবং NBR এর Website এ প্রদর্শিত হয়েছে। উক্ত স্টাডিতে প্রাপ্ত ফলাফল অনুসারে পণ্যচালান খালাসে ব্যয়িত সময় আরও হ্রাসের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

ঘ) Authorized Economic Operator (AEO)

Authorized Economic Operator (AEO) ব্যবস্থার আওতায় উন্নত প্রযুক্তি ব্যবহারকারী, উন্নত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা (Internal Control System) এবং অতীত রেকর্ডে প্রমাণিত আইন পরিপালনকারী শিল্প প্রতিষ্ঠানের জন্য পণ্য আমদানি-রপ্তানিতে দ্রুততম কাস্টমস সেবা প্রদান নিশ্চিত করা হয়েছে। বর্তমানে ৩ (তিন) টি প্রতিষ্ঠান AEO সুবিধাপ্রাপ্ত হয়েছে। আরও অধিক সংখ্যক প্রতিষ্ঠানকে এ সুবিধা প্রদানের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন আছে।

ঙ) নন-ইন্ট্রুসিভ ইন্সপেকশন (Non-Intrusive Inspection)

পণ্যচালান স্ক্যানিং ও ইমেজ বিশ্লেষণের মাধ্যমে কায়িক পরীক্ষণ ব্যতিরেকে দ্রুততর সময়ে পণ্য খালাসের লক্ষ্যে গুরুত্বপূর্ণ কাস্টম হাউস ও এলসি স্টেশনে বর্তমানে ১১টি কন্টেইনার স্ক্যানার, ২২টি ব্যাগেজ

স্ক্যানার এবং ১টি হিউম্যান বডি স্ক্যানার কার্যকর আছে। আরও ৬টি নতুন কন্টেইনার স্ক্যানার ক্রয়ের কার্যাদেশ ইতোমধ্যে প্রদান করা হয়েছে।

চ) কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা

কাস্টমস বিভাগের কাজের ব্যাপ্তি বহুগুণে বৃদ্ধি পেলেও সে অনুযায়ী জনবল ও পরিসম্পদ বৃদ্ধি পায়নি। ফলে সীমিত জনবল ও সম্পদের সর্বোত্তম ব্যবহার করে ঝুঁকি ব্যবস্থাপনা বাস্তবায়নের মাধ্যমে পণ্যচালান দ্রুত ছাড়করণের উদ্যোগ নেওয়া হয়েছে। আইন ও বিধি সংস্কারের পাশাপাশি জাতীয় রাজস্ব বোর্ড একটি স্বতন্ত্র ঝুঁকি ব্যবস্থাপনা কমিশনারেট গঠন করেছে। ভবিষ্যতে স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে বিভিন্ন তথ্য বিশ্লেষণ করে ঝুঁকিপূর্ণ পণ্যচালান, আমদানিকারক, রপ্তানিকারক, এজেন্ট ইত্যাদি শনাক্ত করা সম্ভব হবে।

ছ) পণ্যচালান খালাসোত্তর নিরীক্ষা (Post Clearance Audit)

WTO Trade Facilitation Agreement (TFA) এর শর্তানুসারে Post Clearance Audit (PCA) ব্যবস্থাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। আইন ও বিধি সংস্কারের সাথে সাথে PCA ম্যানুয়াল প্রণয়নের কাজ চলমান রয়েছে। প্রতিটি কাস্টম হাউসে গঠন করা হয়েছে স্বতন্ত্র PCA ইউনিট। কার্যকর PCA চালু হলে এর মাধ্যমে তৈরি হবে সত্যিকার বাণিজ্যবান্ধব পরিবেশ। নিশ্চিত হবে যথাযথ রাজস্ব আদায়, সর্বোপরি গড়ে উঠবে কর পরিপালন সংস্কৃতি।

জ) বাধ্যতামূলক ইলেকট্রনিক পেমেন্ট

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১ জানুয়ারি ২০২২ থেকে পরিমাণ নির্বিশেষে ইলেকট্রনিক পদ্ধতিতে শুল্ক-কর পরিশোধ বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে শুল্ক-কর পরিশোধ পদ্ধতি আরো সহজ হয়েছে, সময় কম ব্যয় হচ্ছে, জালিয়াতি প্রতিরোধ করা গেছে এবং প্রায় শতভাগ ক্ষেত্রে ইলেকট্রনিক পদ্ধতিতে শুল্ক-কর পরিশোধ করা হচ্ছে।

ঝ) Advance Ruling

বাণিজ্য সহজীকরণের অংশ হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড পণ্যের শ্রেণিবিন্যাস সংক্রান্ত অগ্রিম রুলিং পদ্ধতি চালু করেছে। এর ফলে কোন পণ্য আমদানির পূর্বেই আমদানিকারকগণ বা নতুন উদ্যোক্তাগণ পণ্যের HS Code সম্পর্কে নিশ্চিত হতে পারছেন। প্রদত্ত অ্যাডভান্স রুলিং জাতীয় রাজস্ব বোর্ডের Website (bangladeshcustoms.gov.bd) এ প্রদর্শিত হচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ কাস্টমস এর ওয়েবসাইট হতে এ সংক্রান্ত প্রয়োজনীয় ফরম ডাউনলোড করে অনলাইনেই আবেদন করা যায়।

ঞ) পণ্যচালানের Pre-Arrival Processing ব্যবস্থা চালু

আমদানি-রপ্তানি পণ্যচালান বন্দরে পৌঁছার পূর্বেই যাবতীয় আনুষ্ঠানিকতা পরিপালন করে পণ্যচালান বন্দর হতে খালাস প্রদানের লক্ষ্যে Pre-Arrival Processing (PAP) ব্যবস্থা চালু করা হয়েছে। IGM ইলেকট্রনিক্যালি দাখিল এর সুবিধা PAP এর অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। এতে পণ্যচালান বন্দরে আসার পূর্বেই আমদানিকারক বিল অব এন্ট্রি দাখিলপূর্বক শুল্ক-কর পরিশোধ করতে পারছেন এবং পণ্যচালান বন্দরে আসা মাত্রই খালাস নিতে পারছেন। সম্প্রতি সম্পাদিত Time Release Study (TRS) এর ফলাফলে দেখা যায় যে Pre-Arrival Processing ব্যবস্থায় খালাসকৃত পণ্যচালানের ক্ষেত্রে স্বাভাবিক পণ্যচালানের চেয়ে গড়ে ৫ দিন কম সময় ব্যয় হচ্ছে।

ট) E-auction কার্যক্রম চালু

কাস্টমস নিলাম প্রক্রিয়া সহজীকরণ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ইতোমধ্যে কাস্টম হাউস চট্টগ্রাম, কাস্টম হাউস বেনাপোল ও কাস্টম হাউস মোংলায় E-auction কার্যক্রম চালু করেছে। এর ফলে স্বল্প সময়ে সুষ্ঠুভাবে অধিক সংখ্যক ক্রেতার অংশগ্রহণের মাধ্যমে নিলাম কার্যক্রম স্বচ্ছভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

ঠ) অবকাঠামো উন্নয়ন

উন্নত কাস্টমস সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে গুরুত্বপূর্ণ কাস্টমস স্টেশনমসূহের অবকাঠামো উন্নয়নের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সহায়তায় উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। Asian Development Bank (ADB) এর সহায়তায় ঢাকায় সেন্ট্রাল কাস্টমস ল্যাবরেটরি, সেন্ট্রাল কাস্টমস ওয়্যারহাউস, রিজিওনাল কাস্টমস ট্রেনিং একাডেমি ও ৩টি ল্যান্ড কাস্টমস স্টেশন এর অবকাঠামো নির্মাণের/উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পাশাপাশি World Bank এর সহযোগিতায় কাস্টম হাউস, চট্টগ্রাম এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রামের অবকাঠামো নির্মাণের প্রকল্প প্রস্তাব (ডিপিপি)-এর অনুমোদন চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

ড) কাস্টমস বন্ড ব্যবস্থার আধুনিকীকরণ

কাস্টমস বন্ডের আওতায় আনীত পণ্যচালান দ্রুত খালাস প্রদান এবং বন্ড ব্যবস্থাপনা আধুনিকায়নের জন্য বন্ড অটোমেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে বন্ড ব্যবস্থাপনার সামগ্রিক কর্মপদ্ধতিতে পূর্ণ স্বচ্ছতা প্রতিষ্ঠা এবং বন্ড ব্যবস্থাপনার অপব্যবহার রোধ ও সরকারি রাজস্ব সুরক্ষার পাশাপাশি দেশীয় শিল্পের সুরক্ষা নিশ্চিত করা হবে। এই প্রকল্পের আওতায় ইতোমধ্যে online ভিত্তিক লাইসেন্সিং মডিউল কার্যকর করা হয়েছে এবং অন্যান্য মডিউল পাইলটিং এর মাধ্যমে শীঘ্রই কার্যকর করা হবে।

ঢ) LDC Graduation এ বাংলাদেশ কাস্টমস

স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের সাথে সাথে বাংলাদেশী পণ্য রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান শুল্ক (Tariff) সুবিধা হ্রাস পাবে। এজন্য সরকার কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ নানা দেশের সাথে প্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি (PTA, FTA) স্বাক্ষরের পদক্ষেপ নিয়েছে। এর ফলে রপ্তানি বাজারে বাংলাদেশ যেমন নির্দিষ্ট পণ্যে শুল্ক সুবিধা পাবে, তদ্রুপ সুবিধা অন্য দেশের ক্ষেত্রেও বাংলাদেশকে প্রদান করতে হবে। সেক্ষেত্রে বাংলাদেশের কাস্টমস রাজস্ব উল্লেখযোগ্য হারে হ্রাস পাওয়ার সম্ভাবনা রয়েছে। এ কারণে রাজস্ব সুরক্ষার বিষয়টি বিবেচনায় রেখে জাতীয় রাজস্ব বোর্ড আমদানি পণ্যের উপর বিদ্যমান ট্যারিফ যৌক্তিকীকরণ (Tariff rationalization) এর উদ্যোগ গ্রহণ করেছে। একইসাথে দেশীয় শিল্পের বিকাশ, রপ্তানি পণ্যের বহুমুখীকরণ এবং স্থানীয় শিল্পের সক্ষমতা বৃদ্ধিকল্পে জাতীয় রাজস্ব বোর্ড যথাযথ রাজস্ব নীতি প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

৪। World Customs Organization (WCO) ও আন্তর্জাতিক কাস্টমস দিবস

General Agreement on Tariffs and Trade (GATT) সংক্রান্ত নীতিমালা বিশ্লেষণের লক্ষ্যে ১৯৪৭ সালে ১৩টি ইউরোপিয়ান দেশ কর্তৃক একটি স্টাডি গ্রুপ তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্তের আলোকে Customs Co-operation Council (CCC) গঠিত হয়। এর প্রথম আন্তর্জাতিক সভা ১৯৫৩ সালের ২৬ জানুয়ারি ব্রাসেলসে অনুষ্ঠিত হয়। এই সংস্থাটি ১৯৯৪ সালে World Customs Organization (WCO) নামে আত্মপ্রকাশ করে। Customs Co-operation Council এর প্রথম সভার দিনটিকে স্মরণীয় করে রাখার অভিপ্রায়ে ২০০৯ সাল হতে প্রতি বছর ২৬ জানুয়ারি বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপিত হচ্ছে। উল্লেখ্য, ১৯৯৪ সাল হতে বাংলাদেশ WCO এর সক্রিয় সদস্য।

৫। আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৩ এর প্রতিপাদ্য

সমৃদ্ধ আগামীর অগ্রযাত্রায় নেতৃত্বদানে সক্ষম কাস্টমসের ভবিষ্যৎ প্রজন্ম তৈরি এবং জ্ঞান ও পেশাগত উৎকর্ষ সাধনের মাধ্যমে প্রজ্ঞাভিত্তিক দক্ষ কাস্টমস ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে World Customs Organization কর্তৃক আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২৩ এর প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে:

"Nurturing the Next Generation: Promoting a Culture of Knowledge-sharing and Professional Pride in Customs"। 'ভবিষ্যৎ প্রজন্মের লালন: কাস্টমসে জ্ঞানচর্চার সংস্কৃতি ও উত্তম পেশাদারিত্বের বিকাশ' হচ্ছে এ বছরের আন্তর্জাতিক কাস্টমস দিবসের প্রতিপাদ্য। এ জন্য অগ্রজ কর্মকর্তাদের সাথে তরুণ কর্মকর্তাদের জ্ঞান বিনিময়ের সেতুবন্ধন গড়ে তোলা জরুরি। কাস্টমস এর কার্যক্রম একটি পেশাদার ও বিশেষায়িত কাজ। ভবিষ্যৎ প্রজন্মের কাস্টমস কর্মকর্তাদেরকে সুদক্ষ করে গড়ে তোলার জন্য কতিপয় বিষয়াদির উপর গুরুত্বারোপ করা যেতে পারে:

ক) প্রায়োগিক প্রশিক্ষণ প্রদান

তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি কর্মকর্তাদের জন্য প্রায়োগিক জ্ঞান প্রদানের কর্মসূচী প্রণয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়া, বন্দরের কার্যক্রম, অডিট ফার্ম, আইটি ফার্ম ইত্যাদি প্রতিষ্ঠানের কার্যপ্রক্রিয়া সম্পর্কে বাস্তব ধারণা নেওয়া যেতে পারে।

খ) সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার

চতুর্থ শিল্প বিপ্লবযুগে বিভিন্ন দেশের কাস্টমস কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লক চেইন, ক্লাউড কম্পিউটিং এবং বিগ ডাটাসহ অন্যান্য অত্যাধুনিক প্রযুক্তি কাস্টমস কার্যক্রম দ্রুতকরণ এবং ঝুঁকি নিবারণে সফলভাবে ব্যবহার করছে। তরুণ কর্মকর্তাদেরকেও আধুনিক প্রযুক্তি ব্যবহারে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।

গ) কাস্টমস আধুনিকায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে অধিকতর অংশগ্রহণ

কাস্টমস আধুনিকায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক NSW, Bond Automation, Regional Connectivity Development এবং কাস্টমস অবকাঠামো উন্নয়ন বিষয়ক বাস্তবায়নাধীন প্রকল্পে তরুণ কর্মকর্তাদের অংশগ্রহণ তাদের সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ঘ) ইনোভেশন ও গবেষণাধর্মী কার্যক্রমে উৎসাহ প্রদান

ইনোভেশন কর্মসূচীর আওতায় সুনির্দিষ্ট কার্যক্রমের সাথে কর্মকর্তাদেরকে সংযুক্ত করা আবশ্যক। কাস্টমসের কার্যক্রম সহজীকরণ এবং ঝুঁকিমুক্তভাবে সম্পাদনের জন্য কর্মকর্তাগণ নিজস্ব অথবা যৌথ উদ্যোগের মাধ্যমে মোবাইল অ্যাপস তৈরিসহ সর্বাধুনিক প্রযুক্তির প্রায়োগিকধর্মী উপায় উদ্ভাবন করতে পারেন। এজন্য প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি ও প্রশিক্ষণ এর ব্যবস্থা করা দরকার।

৬। ভবিষ্যতের বাংলাদেশ কাস্টমসঃ

আমাদের আশা ভবিষ্যতে স্টেকহোল্ডারদের উপস্থিতি ছাড়াই স্বয়ংক্রিয়ভাবে বাংলাদেশ কাস্টমস সেবা প্রদান করবে। এজন্য আধুনিক প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে একটি অটোমেটেড Paperless Customs System তৈরী করা আমাদের ভবিষ্যৎ পরিকল্পনার অন্যতম গুরুত্বপূর্ণ অংশ। পাশাপাশি পণ্যচালানের জাহাজীকরণ ও খালাস দ্রুততর করা এবং ব্যবসার খরচ উল্লেখযোগ্য হারে কমিয়ে আনা আমাদের মূল লক্ষ্য। তবে কাস্টমসের একার ভূমিকা এক্ষেত্রে যথেষ্ট নয়। কাস্টমস সংশ্লিষ্ট অন্যান্য স্টেকহোল্ডারদেরও একইসাথে অটোমেটেড ব্যবস্থাপনায় তাদের দায়িত্ব পালন করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২০২২ সালের Time Release Study (TRS) হতে দেখা যায় চট্টগ্রাম বন্দর, বেনাপোল স্থলবন্দর ও শাহজালাল বিমানবন্দরে পণ্য খালাসে ব্যয়িত মোট সময়ের মধ্যে কাস্টমস প্রক্রিয়া সম্পন্ন হতে গড়ে প্রায় ১৫% সময়ের বিপরীতে অন্যান্য স্টেকহোল্ডারদের

সময় লাগে গড়ে প্রায় ৮৫%। এ সমস্যা সমাধানে চলমান NSW প্রকল্পের কাজ শেষ করে একটি আন্তঃসমন্বিত আদর্শ অটোমেটেড কাস্টমস ব্যবস্থা গড়ে তোলাই ভবিষ্যৎ লক্ষ্য।

৭। উপসংহার

মধ্যম আয়ের দেশ হতে উন্নত দেশের অভিযাত্রায় বাংলাদেশ এগিয়ে চলেছে দুর্বার গতিতে। এ অগ্রযাত্রায় কাস্টমস গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। যাত্রী সেবা, দ্রুততম সময়ে পণ্যচালান খালাসে বিবিধ কার্যক্রম বাস্তবায়িত হলেও আমরা অনেক ক্ষেত্রেই আমাদের আঞ্চলিক প্রতিযোগী দেশসমূহের সমকক্ষ হতে পারিনি। আমদানি-রপ্তানি পণ্য দ্রুত খালাসের ক্ষেত্রে আমাদের অনেক উন্নতি করতে হবে। সে লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আমাদের লক্ষ্য 'স্মার্ট বাংলাদেশ'। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার জন্য সর্বাগ্রে প্রয়োজন স্মার্ট জনবল। ভবিষ্যৎ কাস্টমসকে স্মার্ট হিসেবে গড়ে তুলতে পারস্পরিক জ্ঞান বিনিময় এবং উত্তম পেশাদারিত্ব অর্জনই আগামীর প্রত্যয়। আন্তর্জাতিক বাণিজ্যের ব্যাপক প্রসার, যাত্রী ও ইলেকট্রনিক কমার্স এর বিপুল বিস্তৃতি এবং অংশীজনদের উন্নত সেবাপ্রাপ্তির চাহিদা কাস্টমসকে স্মার্ট কাস্টমস হিসেবে রূপান্তরের অন্যতম নিয়ামক হিসেবে কাজ করছে। রাজস্ব আহরণ, বিনিয়োগ বৃদ্ধি, শিল্পের বিকাশ, রাষ্ট্রীয় নিরাপত্তা, জনস্বাস্থ্য সুরক্ষা, পণ্য সরবরাহ ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখা এবং ক্ষতিকারক পণ্যের গমনাগমন নিয়ন্ত্রণ নিশ্চিত করার মাধ্যমে রাষ্ট্র ও জনগণের কল্যাণে সদা জাগ্রত বাংলাদেশ কাস্টমস। গর্বিত আগামীর নেতৃত্বদানের জন্য পূর্ণাঙ্গ অটোমেশন, কর্মকর্তাদের পেশাগত জ্ঞান ও গৌরবের সংস্কৃতির পারস্পরিক বিনিময় ও প্রসারের মাধ্যমেই তৈরি হবে আগামীর স্মার্ট কাস্টমস।

The role of the World Customs Organization in Trade Facilitation

Dr. Abdul Mannan Shikder

1. Introduction

Trade facilitation has emerged as a key feature in international trade with its all-encompassing focus on easing trade across borders. The Trade Facilitation Agreement (TFA) of the World Trade Organization (WTO) is the principal instrument that commits countries to pursue trade-facilitating initiatives. The TFA was adopted in 2013 and entered into force in 2017, aiming at reducing the cost and time of businesses. The World Customs Organization (WCO), established in 1952 as Customs Cooperation Council, is the key global platform—covering 98 percent of world trade—for implementing many of the TFA's measures through its member customs administrations. With vast experience in implementing global Customs standards, the WCO is an important source of expertise and support for its 184 Member countries. The WCO supports the global implementation of the TFA through its uniform customs

standards and technical assistance for capacity building. This article briefly outlines the role being played by the WCO in facilitating global trade through its various activities.

2. Definition of Trade Facilitation

Trade facilitation is a set of tools, measures and procedures tailored for easing global export-import business. The primary goal of trade facilitation is to help make trade faster, cheaper, more predictable and to ensure its safety and security throughout the supply chain. At the application level, it is about simplifying and harmonizing formalities, procedures, and the related exchange of information and documents between the various partners involved in the trade process with an obvious reduction in trade costs. According to the WTO TFA, trade facilitation means simplification, modernization, and harmonization of import, export, and transit processes, ensuring expedited movement, release and clearance of goods. In the WCO context, it means the avoidance of unnecessary trade restrictiveness or barriers and the speeding up of Customs procedures. This can be achieved by applying modern clearance tools, techniques and technologies, while improving control mechanisms over Customs functions in a manner that is internationally acceptable. To achieve the desired targets, the TFA specifically outlines measures and principles for effective cooperation between Customs and related stakeholders on trade facilitation and customs compliance matters. It also sets out provisions for technical assistance and capacity building for the LDCs. Section I of the TFA contains provisions on pursuing measures for trade facilitation across the supply chain.

3. Benefits of trade facilitation

Benefits accrue to both the business communities and the governments from trade facilitation initiatives. Benefits for businesses come through enhanced competitiveness in national and international markets due to reduction in delays and costs which are achieved with predictable and efficient movement of

goods across borders. Benefits for governments result from utilizing modern procedures to enhance controls, ensure proper collection of revenues and at the same time contribute to economic development through increased trade and encouragement of foreign investment. According to the WTO, trade facilitation initiatives would cut down trade costs by 14.3% on average—around US$325 billion being saved—mostly in developing countries. It further suggests that improvements in border agencies throughout the world could boost global trade by US$ 1 trillion per year, and accelerate the integration of the developing and LDC countries into the global value chains. It is well known that border inefficiencies, complex customs rules and other trade barriers make it harder for businesses of all sizes to trade internationally, hurting small and medium-sized companies (SMEs) the most. Recent research by the World Economic Forum suggests that the TFA implementation could trigger a 60% to 80% increase in cross-border SME sales in the global economy.

4. Cooperation between the WTO and the WCO

Both the WCO and the WTO strongly cooperate with each other in promoting trade facilitation initiatives across the world. The two organizations were already cooperating prior to the TFA. The WCO manages the technical committees of two important WTO agreements: the Agreement on Implementation of Article VII (Customs Valuation) and the Agreement on Rules of Origin. The WCO was actively involved in the preliminary talks and the negotiation rounds that led to the completion of the TFA. Its vast technical expertise makes it an ideal partner for ongoing WTO initiatives in trade facilitation. The WCO provides information and support for the capacity building of developing and least-developed country members. In 2013, the WCO Policy Commission adopted the Dublin Resolution which says it will commit

"to the efficient implementation of the Trade Facilitation Agreement [...] will assist its Members to identify their needs,

including availing of donor funding, in order to enhance capacity building to implement the Trade Facilitation Agreement; will, together with other international organizations and the business community, further enhance the provision of technical assistance/capacity building [...]".

The WCO has continuously encouraged its Members to take an active approach in the WTO Trade Facilitation negotiations. Customs administrations of many WTO Members have made positive contributions to the WTO Trade Facilitation negotiations which have culminated in the TFA. Engagement of Customs in the negotiating process has ensured that the WTO Agreement is consistent with WCO instruments and tools on trade facilitation and compliance which WCO Members have been developing and implementing over the past years since its inception.

The TFA highlights the role of the WCO in the implementation and administration of the TFA. As Customs is the key implementing agency of the TFA, it is essential that the WCO and its Members collectively ensure smooth and effective implementation of the Agreement to successfully lead to the envisaged developments on a national, regional and global level. As the global center of Customs expertise, the WCO is the only inter-governmental organization with competence in Customs matters and is the voice of the international Customs community. With that in mind, the WCO Policy Commission in December 2013 issued the WCO Dublin Resolution which shows the clear commitment of the global Customs community towards successful implementation of the TFA and among others indicates that the WCO's robust engagements with the WTO including in preparing the framework for the WTO Trade Facilitation Committee. As mentioned in the Dublin Resolution, the WCO assists its Members to identify their needs related to TFA implementation including addressing questions related to donor funding opportunities, if and where necessary, and, together with other international organizations and the

business community, further enhances the provision of tailor-made technical assistance/capacity building (TA/CB) in an efficient and coordinated manner and based on long-standing WCO experience and approaches to CB delivery as well as on existing WCO tools and tools under preparation. Such support is based on Members' needs and follows results-based management principles.

5. The role of the WCO in trade facilitation

Customs is the key border agency responsible for all international trade transactions. In international trade, Customs plays a critical role not only in providing expedited clearing processes but also in implementing effective controls that secure revenue, ensure compliance with national laws, and ensure the security and protection of society. The efficiency and effectiveness of Customs procedures have a significant influence on the economic competitiveness of nations and in the growth of international trade and the development of the global marketplace. Though Customs has contributed to trade facilitation efforts for many years, the TFA has brought forth high political will and momentum to further progress this trade facilitation agenda, especially in terms of bringing together all relevant stakeholders, including all border agencies and ensuring efficient Coordinated Border Management. The overarching goal of the TFA is to speed up customs procedures and because of the role of WCO in trade facilitation features unavoidably. Consequently, the efforts of the WCO focus on simplifying and standardizing Customs practices across its Member administrations. It has developed conventions, standards and programs through which its Member Customs administrations have been able to offer their governments enhanced trade facilitation combined with effective Customs control.

Since its inception, the WCO, with the active involvement of Customs experts and global trade partners, has been striving to achieve the balance between trade facilitation and compliance

